অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2021 **গভর্নর ক্যাথি হোকল**

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগের রাউন্ড XI এর মাধ্যমে গভর্নর হোকলের বাড়তি 196 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

এই অনুদান নিউ ইয়র্কের মহামারী-পরবর্তী পুনরুদ্ধারকে উদ্দীপিত করতে রাউন্ড XI এর মাধ্যমে একাধিক স্টেট সংস্থার কর্মসূচির 488টি প্রকল্পে সহায়তা প্রদান করবে

নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত আঞ্চলিক প্রকল্পগুলোকে ইতোপূর্বে বরাদ্দ দেয়া 81 মিলিয়ন ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট তহবিলের পরিপূরক হিসেবে ভূমিকা রাখবে

অনুদানপ্রাপ্তদের পূর্ণাঙ্গ তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগের (Regional Economic Development Council initiative) রাউন্ড XI-এ অংশগ্রহণকারী নিউ ইয়র্ক স্টেটের একাধিক স্টেট সংস্থার 488টি প্রকল্পে বাড়তি 196 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়া হয়েছে। এবছর REDC কৌশলগত পরিকল্পনা্র সাথে সঙ্গতিপূর্ণ কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ ও ব্যবসায়িক সমৃদ্ধিতে সহায়তা করার জন্য স্টেট সংস্থাগুলোর তরফ থেকে 525 মিলিয়ন ডলারের সংস্থান প্রদান করা হয়েছে। সেইসাথে, প্রতিটি অঞ্চলের মধ্যকার প্রকল্পগুলো, উপযুক্ত প্রকল্পগুলোর জন্য নিম্ন খরচের কর-মুক্ত বন্ড সহায়তা প্রদান করতে বরাদ্দ দেয়া 300 মিলিয়ন ডলারের শিল্প উন্নয়ন বন্ড ক্যাপের একটি অংশ লাভ করবে। আগামী সপ্তাহগুলোতে স্টেটের পানির গুণমান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project) কর্মসূচি সহ বাড়তি প্রকল্পগুলোতে তহবিল বরাদ্দ করা হবে।

"মহামারীর প্রভাব স্টেটের প্রতিটি কোণায় অনুভূত হয়েছে, আর সেকারণেই আমাদের সমতাপূর্ণ অর্থনৈতিক পুনরুদ্ধার প্রক্রিয়াও যাতে তেমনিভাবে অগ্রসর হয় তা আমাদের নিশ্চিত করতে হবে," **বলেছেন গভর্নর হোকল**। "বটম-আপ পদ্ধতি অনুসরণ করে স্থানীয় নেতৃবৃন্দের সাথে অংশীদার হয়ে এবং অনন্য আঞ্চলিক শক্তিকে কাজে লাগিয়ে প্রদানকৃত অনুদানের এই নতুন রাউন্ড, নিউ ইয়র্ক স্টেট ব্যাপী কমিউনিটিগুলোকে আগামী বহু প্রজন্মব্যাপী লোকজন বসবাস করতে, কাজ করতে এবং বেড়াতে আসতে আগ্রহী হবে এমন জায়গায় রূপান্তরের জন্য আমাদের অব্যাহত প্রচেষ্টায় আরেকটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে ভূমিকা পালন করবে।"

স্টেটব্যাপী আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সভাপতি, লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগ অর্থনৈতিক উন্নয়নের একটি শক্তিশালী অনুঘটক হিসেবে এবং কোভিড মহামারী থেকে আমাদেরকে আরো উন্নত করে নির্মাণ করায় সাহায্য করবে এমন একটি গুরুত্বপূর্ণ সরঞ্জাম হিসেবে ভূমিকা পালন করা অব্যাহত রেখেছে। 196 মিলিয়ন ডলারের অনুদান গ্রহীতাদের অভিনন্দন, যেটি এম্পায়ার স্টেটব্যাপী স্থানীয় অর্থনীতিগুলোকে রূপান্তর করতে সাহায্য করবে।"

REDC উদ্যোগের রাউন্ড XI এর মাধ্যমে 196 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান পাওয়া প্রকল্পগুলোর মধ্যে কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্প হলো:

গ্লেনভিল টাউন - ম্যালউইক পার্ক কায়াক লঞ্চ (রাজধানী অঞ্চল) এর জন্য ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর ক্যানেলওয়ে গ্র্যান্টস কর্মসূচির (Canalway Grants Program) তরফ থেকে 150,000 ডলার: গ্লেনভিল টাউন একটি কার-টপ বোট লঞ্চ, তীরবর্তী পার্কিং নির্মাণ করবে, এবং লক E-8 এর নিকটবর্তী ম্যালউইক পার্কে উপকূলের স্থিতিশীলতা উন্নয়ন করবে এবং একটি বিদ্যমান ধ্বংসপ্রায় অ্যাক্সেস রোড সংস্কার করবে।

ওসওয়েগো কাউন্টি - ওসওয়েগো নদীতে পাবলিক অ্যাক্সেস বোট চালুর পর্যায় II (সেন্ট্রাল নিউ ইয়র্ক)-এর জন্য ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) স্থানীয় জলপথ পুনরুজ্জীবিতকরণ কর্মসূচির (Local Waterfront Revitalization Program) তরফ থেকে 196,139 ডলার: ওসওয়েগো কাউন্টি স্টেট রুট 481 সংলগ্ন 7.83 একর অনুন্নত জমিতে ওসওয়েগো নদীর নতুন পাবলিক অ্যাক্সেস তৈরি করা অব্যাহত রাখবে। এই প্রকল্প নদী সংলগ্ন একটি ADA কমপ্লায়েন্ট ট্রেইল, উপকূল স্থিতিশীলকরণ, দৃশ্য উপভোগের জায়গা, এবং প্যাডলারদের নৌকা ছাড়া ও তীরে ভিড়ানোর জায়গা নির্মাণ করবে। ওসওয়েগো নদীর পূর্ব তীরে লক 5 ও 6 এর মধ্যবর্তী অংশে অবস্থিত এই সাইট কোনো লক দিয়ে না গিয়েই নদী অ্যাক্সেস করার সুযোগ করে দিবে।

লিভিংস্টন কাউন্টি ডেভেলপমেন্ট কর্পোরেশন (Livingston County Development Corporation) - ড্যান্সভিল ভিলেজ নিউ ইয়র্ক মেইন স্ট্রিট (New York Main Street) কর্মসূচির (ফিঙ্গার লেকস) জন্য হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes & Community Renewal)-এর মেইন স্ট্রিট কর্মসূচির তরফ থেকে 500,000 ডলার: লিভিংস্টন কাউন্টি ডেভেলপমেন্ট কর্পোরেশন নিউ ইয়র্ক মেইন স্ট্রিট তহবিলের 500,000 ডলার ডাউনটাউন ড্যান্সভিলে 9টি ভবন পুনর্বাসনের জন্য 4,123,000 ডলারের একটি প্রকল্পে সহায়তা করার জন্য ব্যবহার করবে। সংস্কারকাজের মধ্যে ভবনের সম্মুখভাগ সংস্কার করা অন্তর্ভুক্ত রয়েছে যা ডাউনটাউন ড্যান্সভিলের জন্য একটি সংহতিপূর্ণ নকশা পরিকল্পনাকে এগিয়ে নিবে। 15টি বাণিজ্যিক ও 26টি আবাসিক ইউনিটে বাড়তি উন্নয়নকাজ সম্পন্ন করা হবে - যেগুলোর মধ্যে 18টি নতুন তৈরি করা হবে - যার ফলে বর্তমানে খালি পড়ে থাকা জায়গাটি একটি ব্যবহারযোগ্য অবস্থায় ফিরে আসবে, লভ্য সাশ্রয়ী আবাসনের অপশন বৃদ্ধি পাবে, ব্যবসা তৈরি ও সম্প্রসারণের সুযোগ তৈরি হবে, যা ড্যান্সভিলের সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে কর্মসংস্থান যোগ করবে।

প্যাচোগ ভিলেজ সেন্টার ফর দ্যা পারফর্মিং আর্টস, ইনক. (Patchogue Village Center for the Performing Arts, Inc.) - প্যাচোগ থিয়েটার উন্নয়নের জন্য (লং আইল্যান্ড) হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল-এর মেইন স্ট্রিট কর্মসূচির তরফ থেকে 500,000 ডলার: প্যাচোগ ভিলেজ সেন্টার ফর দ্যা পারফর্মিং আর্টস নিউ ইয়র্ক মেইন স্ট্রিট তহবিলের 500,000 ডলার প্যাচোগ ভিলেজের ডাউনটাউন এলাকায় থিয়েটারে একটি বহুমুখী ব্যবহারের জায়গার সংস্কারকাজে সহায়তা করতে ব্যবহার করবে। এই প্রকল্পের মোট অনুমতি ব্যয় 1,500,000 ডলার। প্রকল্পটি একটি নতুন রিহার্সাল রুম, ড্রেসিং রুম, ও বাথরুম তৈরি করবে যা উচ্চমানসম্মত অভিনয়, বৈচিত্র্যপূর্ণ পারফর্ম্যান্স, ও শিক্ষা কর্মসূচিগুলোকে আকৃষ্ট করবে। এসব উন্নয়ন অনুষ্ঠান নির্মাণ সম্প্রসারিত করবে, নতুন ও টেকসই কর্মসংস্থান তৈরি করবে, পর্যটকদের আকৃষ্ট করবে, এবং স্থানীয় অর্থনীতিকে পুনরায় সতেজ করে তুলবে।

পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক (Parks & Trails New York) - সাইকেল দ্যা হাডসন ভ্যালি (Cycle the Hudson Valley) নামক বিশেষ পর্যটন অনুষ্ঠানের জন্য (মিড-হাডসন) এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মার্কেট নিউ ইয়র্ক (Market New York) কর্মসূচির তরফ থেকে 226,500 ডলার: এম্পায়ার স্টেট ট্রেইল অ্যাডভেঞ্চার: সাইকেল দ্যা হাডসন ভ্যালি অনুষ্ঠানটি বিশ্বব্যাপী সাইক্লিস্টদের জন্য NYC-তে লভ্য অ্যাডভেঞ্চারের সুযোগগুলো তুলে ধরে। সম্পূর্ণ সহায়তার ব্যবস্থা সহ সাত-দিনব্যাপী এই বাইসাইকেল ট্যুর সাইকেল চালকদের নিউ ইয়র্ক সিটি ও আলবানির মধ্যবর্তী 210 মাইল দীর্ঘ ট্রেইল ধরে আইকনিক হাডসন ভ্যালির কমিউনিটি, সংস্কৃতি, ইতিহাস, ও প্রাকৃতিক সৌন্দর্য ঘুরে দেখার জন্য পথনির্দেশনা প্রদান করে থাকে।

হোয়াইটসটাউন টাউন - সোউকুয়েট ক্রিক ফ্লাড বেঞ্চ পর্যায় 3 (মোহাক ভ্যালি) এর জন্য পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)-এর জলবায়ু স্মার্ট কমিউনিটি তহবিল (Climate Smart Communities Grant) কর্মসূচির তরফ থেকে 210,000 ডলার: হোয়াইটসটাউন টাউন সোউকুয়েট তিনটি ফ্লাডপ্লেইন বেঞ্চ নির্মাণের মধ্য দিয়ে সোউকুয়েট ক্রিক চ্যানেল ও ফ্লাডপ্লেইন পুনরুদ্ধার কর্মসূচি (Sauquoit Creek Channel and Floodplain Restoration Program)-এর তৃতীয় পর্যায় বাস্তবায়ন করবে। এসব বেঞ্চ চরম বিরূপ আবহাওয়ার সময়ে বন্যার মাত্রা কমিয়ে আনবে, টাউন ও ভিলেজের সম্পত্তিগুলোর উপর বন্যার প্রভাব কমিয়ে আনবে এবং সোউকুয়েট ক্রিক থেকে মূল ফ্লাডপ্লেইনের সংযোগ তৈরি করার মাধ্যমে জলপথের স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে আনবে। প্রত্যাশিত ফলাফলের মধ্যে বার্ষিক বন্যার সম্ভাবনা 1-শতাংশ কমিয়ে আনা, জলপথ সংলগ্ন অঞ্চলে বন্যা ও ক্ষয় প্রশমন, এবং জলপথের তীর স্থিতিশীলকরণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ইরভিং মেডিকেল সেন্টার (Columbia University Irving Medical Center) - কলম্বিয়া মেডিকেল সেন্টারের হিটিং সিস্টেমের বৈদ্যুতীকরণের (নিউ ইয়র্ক সিটি) জন্য NYSERDA বাণিজ্যিক ও শিল্পখাতের কার্বন চ্যালেঞ্জের তরফ থেকে 1,411,075 ডলার: কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ইরভিং মেডিকেল সেন্টার বেশ কিছু জ্বালানি দক্ষতাসম্পন্ন পদক্ষেপ গ্রহণ করবে, যার মধ্যে দুইটি ভবনে বাষ্প-থেকে-গরম পানিতে

রূপান্তর এবং তাপ পুনরুদ্ধারের জন্য হিট পাম্প ইনস্টল করা অন্তর্ভুক্ত রয়েছে, যা প্রভাবিত হওয়া ভবনটিতে উষ্ণ ও শীতল অবস্থার মধ্যে ভারসাম্য রক্ষার জন্য কাজে লাগানো হবে।

উইলনা টাউন - ডেফেরিয়েট ভিলেজের BOA মনোনয়নের (নর্থ কাউন্টি) জন্য ডিপার্টমেন্ট অব স্টেটের ব্রাউনফিল্ড অপরচুনিটি এরিয়া (Brownfield Opportunity Area) কর্মসূচির তরফ থেকে 180,000 ডলার: ডেফেরিয়েট ভিলেজ, উইলনা টাউনের সাথে অংশীদার হয়ে, জেফারসন কাউন্টির ব্ল্যাক রিভার সংলগ্ন 200 একর জায়গা নিয়ে অবস্থিত একটি সাবেক কাগজের কল ও তার আশেপাশের জায়গার জন্য একটি BOA মনোনয়ন প্রণয়ন করতে চায়। এই BOA মনোনয়নের উদ্দেশ্য হলো সম্ভাব্য দূষিত এলাকাগুলো শনাক্ত করা এবং একটি সক্রিয় কমিউনিটির সম্পৃক্ততা ও পরিকল্পনা প্রক্রিয়ার মধ্য দিয়ে সাবেক কাগজ কলটির পুনঃউন্নয়নের সুযোগের পাশাপাশি সে এলাকায় ভবিষ্যত কর্মসংস্থানের সম্ভাবনা শনাক্ত করা।

কর্নিং সিটি - নাসের সিভিক সেন্টার প্লাজা আইস রিঙ্ক (Nasser Civic Center Plaza Ice Rink)-এর জন্য (সাদার্ন টিয়ার) পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)-এর চিত্তবিনোদনমূলক ট্রেইল (Recreational Trails) কর্মসূচির তরফ থেকে 337,500 ডলার: কর্নিং সিটি সিভিক সেন্টার প্লাজা আইস রিঙ্ক-এর বৃহৎ উন্নয়ন প্রকল্পের পর্যায় III সম্পন্ন করবে। এই কাজের মধ্যে বিদ্যমান রেস্টরুম ফ্যাসিলিটি সংস্কার করে সেগুলোকে ADA-কমপ্লায়েন্ট করা হবে, হ্যান্ডরেইল ও প্রবেশপথের অ্যাক্সেসযোগ্যতা উন্নত করা হবে, এবং হোঁচট খাওয়ার বিপদ দূর করতে বাছাইকৃত পেভমেন্ট প্রতিস্থাপন সম্পন্ন করা হবে।

এরি কাউন্টি - সেনেকা ব্লাফস প্রাকৃতিক আবাসস্থল পার্কের সবুজ অবকাঠামো পার্কিং লট (ওয়েস্টার্ন NY) এর জন্য এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation)-এর সবুজ উদ্ভাবন তহবিল (Green Innovation Grant) কর্মসূচির তরফ থেকে 1,305,000 ডলার: এরি কাউন্টি 1,305,000 ডলারের REDC CFA তহবিল NYSEFC সবুজ উদ্ভাবন তহবিল কর্মসূচির মাধ্যমে সেনেকা ব্লাফস প্রাকৃতিক আবাসস্থল পার্কে একাধিক সবুজ অবকাঠামো স্থাপনের জন্য ব্যবহার করবে। এসব সবুজ অবকাঠামো একটি পরিবেশগত ন্যায়বিচারসম্পন্ন এলাকায় একটি পাবলিক পার্ক সংস্কারের ক্ষেত্রে অবদান রাখবে এবং একইসাথে বাফেলো সিটিতে পানির গুণগত মান উন্নয়নে সাহায্য করবে।

এবছরের শুরুতে রাউন্ড XI-এর অংশ হিসেবে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটব্যাপী নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত 97টি প্রকল্পে সহায়তার জন্য 81 মিলিয়ন ডলারেরও বেশি অর্থনৈতিক উন্নয়ন তহবিল বরাদ্দের ঘোষণা দিয়েছিলেন - অনুদানপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে। দুই ব্যাচে আবেদনকারীদেরকে প্রদান করা এই তহবিল স্টেটের অর্থনৈতিক পুনরুদ্ধার উদ্দীপিত করা এবং আবেদনকারীদের তাৎক্ষণিক চাহিদা পূরণ করার জন্য অব্যাহত ও প্রতিযোগিতামূলক ভিত্তিতে প্রদান করা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অনুদান তহবিল এবং এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিটের 225 মিলিয়ন ডলারের অনুদানের অংশ ছিল। প্রকল্পগুলো পর্যালোচনা করে তহবিল বরাদ্দ দেয়া অব্যাহত থাকবে এবং কর্মসূচিগুলো তহবিল ফুরিয়ে যাওয়ার আগ পর্যন্ত চলমান ভিত্তিতে আবেদন গ্রহণ করতে থাকবে। স্টেট ও অঞ্চলের

অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত অগ্রাধিকারগুলোর সাথে সঙ্গতিপূর্ণ শক্তিশালী নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত প্রকল্প নিয়ে আবেদনকারীরা কনসোলিডেটেড ফান্ডিং আবেদন এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল সম্পর্কে
আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল উদ্যোগ স্টেটের বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়নের জন্য স্টেটের প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান। 2011 সালে, স্ব স্ব অঞ্চলের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে 10টি আঞ্চলিক কাউন্সিল প্রতিষ্ঠা করা হয়। কাউন্সিলগুলি স্থানীয় বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের ব্যবসা, একাডেমী, স্থানীয় সরকার এবং বেসরকারি সংস্থাগুলির দ্বারা গঠিত ব্যক্তিগত অংশীদারিত্ব। এসব আঞ্চলিক কাউন্সিল একটি কমিউনিটি-ভিত্তিক, বটম-আপ পদ্ধতি প্রয়োগ করা এবং স্টেটের সংস্থানগুলোর জন্য একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়া স্থাপন করার মাধ্যমে নিউ ইয়র্কের কর্মসংস্থান ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য বিনিয়োগ করার পদ্ধতিকে পুনরায় সংজ্ঞায়িত করেছে। আরো জানুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন